




বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌ অঞ্চলের ফেব্রুয়ারি ২০২৩ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন

১। কমান্ডার খুলনা নৌ অঞ্চল গল্ফ, টেনিস, স্কোয়াশ ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা- ২০২৩ এর পুরস্কার বিতরণী। গত ০৩ থেকে ০৪ ফেব্রুয়ারি কমান্ডার খুলনা নৌ অঞ্চল গল্ফ প্রতিযোগিতা- ২০২৩ এবং ০৮ থেকে ১৬ ফেব্রুয়ারি অত্র নৌ অঞ্চলে কর্মরত লেঃ কমান্ডার ও তদানিন্ত কর্মকর্তাদের টেনিস, ও স্কোয়াশ প্রতিযোগিতা- ২০২৩ অনুষ্ঠিত হয়। কমান্ডার খুলনা নৌ অঞ্চল গল্ফ, ব্যাডমিন্টন, টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা উপলক্ষ্যে গত ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ১৯৩০ ঘটিকায় ঘাঁটিস্থ মাস্টিপারপাস ড্রিল শেডে বিজয়ী প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ এর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন এবং চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা বেগম লুবনা আনোয়ার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল গল্ফ, টেনিস, স্কোয়াশ প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী এর স্থির চিত্র।

২। কমান্ডার খুলনা নৌ অঞ্চল হকি প্রতিযোগিতা- ২০২৩। গত ০৫ ফেব্রুয়ারি ২০২৩ বিকাল ১৫৩০ ঘটিকায় বানোজা তিতুমীরের ব্যবস্থাপনায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল হকি প্রতিযোগিতা- ২০২৩ এর চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কমান্ডার খুলনা নৌ অঞ্চল হকি প্রতিযোগিতা- ২০২৩ এ বানোজা তিতুমীর চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল হকি প্রতিযোগিতা- ২০২৩ এর স্থির চিত্র।

৩। পিঠা উৎসব- ২০২৩। গত ১৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সকাল ০৮০৫ ঘটিকায় বানৌজা তিতুমীরের রিভার ভিউ এলাকায় পিঠা উৎসব- ২০২৩ এর আয়োজন করা হয়। উক্ত পিঠা উৎসবে খুলনা নৌ অঞ্চলের সকল কর্মকর্তা ও তাদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি এবং চেয়ারম্যান বিএনএফডব্লিউএ খুলনা বেগম লুবনা আনোয়ার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ পিঠা উৎসব- ২০২৩ এর স্থির চিত্র।

৪। Defence Advisor /Military Attache (DA/MA) টিম এবং তাদের পরিবারবর্গের খুলনা নৌ অঞ্চল সফর। গত ২৬ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৩ Defence Advisor /Military Attache (DA/MA) টিম এবং তাদের পরিবারবর্গ খুলনা নৌ অঞ্চল সফর করেন। উক্ত সফরের অংশ হিসাবে গত ২৭ ফেব্রুয়ারি DA/MAs এবং তাদের পরিবারবর্গ অত্র ঘাঁটির Dale Cafe এরিয়া পরিদর্শন এবং সন্ধ্যায় মাল্টিপারপাস ড্রিল শেডে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।



চিত্রঃ DA/MAs এবং তাদের পরিবারবর্গ আগমন উপলক্ষ্যে Dale Cafe এরিয়া পরিদর্শন ও মাল্টিপারপাস ড্রিল শেডে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের এর স্থির চিত্র।